দৈনিক সংবাদ

তারিখ MAR 01 2000
পৃষ্ঠা ... কলাম ...

### নগরীর পরীক্ষার্থীরা নিজ নিজ স্কুল কেন্দ্রে পরীক্ষা দিতে পারবে না

# চট্টগ্রাম বোর্ডে এবার এসএসসি পরীক্ষার্থীর সংখ্যা ৭৪ হাজার ২শ ৩১

নিরূপম দাশগুপ্ত, চট্টগ্রাম ব্যুরো ঃ এবার চট্টগ্রাম মহানগরীর এসএসসি পরীক্ষার্থীরা নিজ নিজ স্কুলে পরীক্ষা দিতে পারবে না। দীর্ঘদিন ধরে মহানগরীর ১৩টি স্কুলের পরীক্ষার্থীদের কেন্দ্র স্ব স্ব স্কুলে বহাল থাকলেও এবার চট্টগ্রাম শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ অসদুপায়সহ অন্যান্য পক্ষপাত-মূলক আচরণ বন্ধ করার জন্য এক স্কুলের পরীক্ষার্থীদের কেন্দ্র ভিন্ন স্কুলে নির্ধারণ করেছেন।

আগামীকাল ২রা মার্চ থেকে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষায় চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগে সর্বমোট ৭৪ হাজার দু'শ' একত্রিশ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে। সুষ্ঠুভাবে পরীক্ষা সম্পন্ন করার লক্ষ্যে যাবতীয় প্রস্তুতি ইতোমধ্যে শেষ হয়েছে এবং অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের প্রবেশপত্র, উত্তরপত্র ও পরীক্ষার আনুষঙ্গিক সামগ্রী স্ব স্ব কেন্দ্রে পৌঁছে গেছে। চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীন ৫টি জেলার ৮৮টি কেন্দ্রে অনুষ্ঠিতব্য এবারের এসএসসি পরীক্ষাকে সুষ্ঠু ও নকলমুক্ত করতে শিক্ষা বোর্ড এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসন একাধিক বৈঠকের পর গত বছরের তুলনায় আরও শক্তিশালী পরিদর্শক দল গঠন করেছে বলে জানা গেছে।

শিক্ষা বোর্ড সূত্র জানায়, এ বছর এসএসসি পরীক্ষায় অংশ নেয়া ৭৪ হাজার দুশ' ৩১ জন পরীক্ষার্থীর মধ্যে ৩৮ হাজার ৯শ' ১৪ জন পুরুষ ও ৩৫ হাজার ৩শ' ১৭ জন মহিলা রয়েছে। বিজ্ঞান বিভাগে সর্বমোট পরীক্ষার্থী হচ্ছে ২১ হাজার ৪শ' ৭৪ জন। তন্মধ্যে পুরুষ পরীক্ষার্থী ১৩ হাজার ৫শ' ৩৯ জন এবং মহিলা ৭ হাজার ৯শ' ৩৫ জন রয়েছে।

বিজ্ঞান বিভাগে পুরুষদের মধ্যে নিয়মিত হচ্ছে ৯ হাজার ২শ' ৯২ জন, অনিয়মিত ৩ হাজার ৬ শ' ১ জন, মানোন্নয়ন ৭০ জন, রেফার্ড ৫শ' ৭৬ জন এবং মহিলাদের মধ্যে নিয়মিত ৫ হাজার ৮শ' ১০ জন, অনিয়মিত ১ হাজার ৭শ' ৮ জন, মানোন্নয়ন ২৪ জন ও রেফার্ড পরীক্ষার্থী রয়েছে ৩শ' ৯৩ জন।

মানবিক বিভাগে সর্বমোট পরীক্ষার্থী হচ্ছে ৩২ হাজার ৩শ' ৪৯ জন। তন্মধ্যে পুরুষ পরীক্ষার্থী হচ্ছে ৯ হাজার ৯শ' ৯০ জন এবং মহিলা ২২ হাজার ৩শ' ৫৯ জন। মানবিক বিভাগে পুরুষদের মধ্যে নিয়মিত হচ্ছে ৫ হাজার ৩শ' ৫০ জন, অনিয়মিত ৩ হাজার ৯শ ৯ জন, মানোন্নয়ন ৫ জন, রেফার্ড ৬শ' ৩৭ জন এবং মহিলাদের মধ্যে নিয়মিত ১৪ হাজার ৫৪ জন, অনিয়মিত ৬ হাজার ৮শ' ৬৩ জন, মানোন্নয়ন ৫ জন ও রেফার্ড পরীক্ষার্থী রয়েছে এক হাজার ৪শ' ৩৭ জন।

বাণিজ্য বিভাগে সর্বমোট পরীক্ষার্থী হচ্ছে ২০ হাজার ৪শ' ৮ জন। তন্মধ্যে পুরুষ পরীক্ষার্থী হচ্ছে ১৫ হাজার ৩শ' ৮৫ জন এবং মহিলা ৫ হাজার ২৩ জন। বাণিজ্য বিভাগে পুরুষদের মধ্যে নিয়মিত হচ্ছে ১০ হাজার ৩শ' ৮১ জন, অনিয়মিত ৪ হাজার ২শ' ৩৬ জন, মানোন্নয়ন ১৩ জন, রেফার্ড ৭শ' ৫৫ জন এবং মহিলাদের মধ্যে নিয়মিত ৩ হাজার ৬শ' ১৫ জন, অনিয়মিত ১ হাজার ১শ' ৫৫ জন, মানোন্নয়ন ১ জন ও রেফার্ড পরীক্ষার্থী রয়েছে ২শ' ৫২ জন।

সূত্র জানায়, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীন ৫টি জেলার ৮৮টি কেন্দ্রে এবার পরীক্ষা অনুষ্ঠিত হবে। গত বছর ৮৪টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল। চট্টগ্রাম জেলার ২০টি থানার ৫২টিতে কক্সবাজার জেলার ৭টি থানার ৯টি, বান্দরবান জেলার ৬টি থানার ৬টি; রাঙ্গামাটি জেলার ১০টি থানার ১২টি ও খাগড়াছড়ি জেলার ৮টি থানার ৯টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ বছর সন্দ্বীপে ১টি, রাঙ্গুনিয়ায় ২টি ও বান্দরবান জেলার রোয়াংছড়ি থানায় (নতুন অনুমোদনপ্রাপ্ত) ১টি কেন্দ্র বাড়ানো হয়েছে।

এদিকে চট্টগ্রাম মহানগরীর যেসব বিদ্যালয়ে পরীক্ষা কেন্দ্র রয়েছে, সেসব বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা তাদের বিদ্যালয়ে এ বছর পরীক্ষা দিতে পারবে না। এবছর থেকে নগরীর অন্য পরীক্ষা কেন্দ্রে তাদেরকে পরীক্ষা দিতে হবে। সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশ এবং পরীক্ষায় স্বচ্ছতা আনার লক্ষ্যে ব্যবস্থা নেয়া হয়েছে বলে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের সচিব প্রফেসর এজেএম শহীদুল্লাহ সংবাদকে জানিয়েছেন।

নকলমুক্ত পরিবেশে পরীক্ষা সম্পন্নের লক্ষ্যে এ বছর বেশকিছু পদক্ষেপ নেয়া হয়েছে। শিক্ষা বোর্ড ও সংশ্লিষ্ট জেলা প্রশাসন একাধিকবার বৈঠকে বসে পৃথক পৃথক পরিদর্শক দল গঠন করা হয়েছে। এ প্রসঙ্গে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক এম, মফিজুর রহমান সংবাদকে জানান, নকলমুক্ত পরীক্ষা গ্রহণের লক্ষ্যে চিহ্নিত ও প্রত্যন্ত অঞ্চলের কেন্দ্রগুলোতে পূর্বের চেয়ে এ বছর পরিদর্শক দলকে আরও অধিক জোরদার করা হয়েছে।